

স্মারক নম্বর: ০৫.৩০.৮৬০০.০০৯.০২.০০১.২৪-৩১৪

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩১
৩০ জুন ২০২৪


বিজ্ঞপ্তি

জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর এর সাধারণ প্রশাসনের নিয়ন্ত্রণাধীন ২০তম গ্রেডভুক্ত বিভিন্ন পদে জনবল নিয়োগের নিমিত্তে বিগত ১০ নভেম্বর ২০২৩ তারিখ লিখিত পরীক্ষা ও ১৩ নভেম্বর ২০২৩ তারিখ মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুসারে ও কোটা সংক্রান্ত বিধানাবলী অনুসরণপূর্বক ১৫ (পনের) জনের নাম প্রাথমিকভাবে নির্বাচন করে নিয়োগ আদেশ প্রদান করা হয়। নিয়োগপ্রাপ্ত ১৫ জন কর্মচারী যোগদান করলেও পরবর্তীতে অফিস সহায়ক জনাব জাকির হোসেন এবং নিরাপত্তা প্রহরী জনাব এস এস নবিন ও জনাব মো: নয়ন অন্যত্র চাকরি হওয়ায় তারা বর্তমান পদ তথা চাকরি হতে ইস্তফা প্রদান করেন। ফলে অফিস সহায়ক ০১ (এক)টি এবং নিরাপত্তা প্রহরীর ০২(দুই) টি পদ শূন্য হয়ে যায়।

অফিস সহায়ক ০১ (এক)টি এবং নিরাপত্তা প্রহরীর ০২(দুই) টি শূন্যপদ পূরণের লক্ষ্যে অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুসারে নিম্নবর্ণিত প্রার্থীকে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচন করা হলো:-

অফিসের নাম	পদের নাম	প্রার্থীর রোল নম্বর
জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর ও অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ	অফিস সহায়ক	৪৪৯
	নিরাপত্তা প্রহরী	১৪৪ ও ১৪২

০২। নির্বাচিত প্রার্থীকে বিধি মোতাবেক পুলিশ ভেরিফিকেশন (দাখিলকৃত যাবতীয় কাগজপত্র ও তথ্য যাচাইসহ) এবং স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট সন্তোষজনক হওয়া সাপেক্ষে চূড়ান্ত নিয়োগ প্রদান করা হবে।


৩০/০৬/২৪
মো: সোহেল রানা
নেজারত ডেপুটি কালেক্টর

ও
সদস্য সচিব
২০তম গ্রেডভুক্ত কর্মচারী নিয়োগ কমিটি
জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল) শরীয়তপুর।
- ০২। সহকারী কমিশনার, (গোপনীয়) জেলাপ্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১০৩। সহকারী কমিশনার (আইসিটি) জেলা ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ